বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

নাগরিক সনদ

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর

সিএএবি সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।

টেলিফোন নং- +৮৮০ ২ ৮৯১৪৮৭০-১৯, ফ্যাক্স নং- +৮৮০ ২ ৮৯১১৩৩২২

URL: www.caab.gov.bd, e-mail: caab@bracnet.net

১। সংক্ষিপ্ত পরিচিতি :

বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) একটি সরকারী সেবামূলক প্রতিষ্ঠান। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ একটি নিয়ন্ত্রণকারী সংস্থা হিসাবে জাতিসংঘের অঙ্গ সংগঠন ইকাও-এর (ICAO) সাথে সমন্বয় ও মান বজায় রেখে সুষ্ঠু বিমান চলাচলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে থাকে।

২। লক্ষ্য :

২.১ একটি বিধিবদ্ধ সংস্থা হিসেবে বাংলাদেশের আকাশ সীমায় সকল প্রকার উড়োজাহাজের (Aircraft) নিরাপদ, ক্রমভিত্তিক ও ত্বরিৎ চলাচল নিশ্চিত করা।

২.২ বাংলাদেশের সকল বেসামরিক বিমানবন্দরের মাধ্যমে চলাচলকারী সম্মানিত যাত্রীগণের জন্য প্রয়োজনীয় অবকাঠামোগত ও সেবামূলক সুবিধা প্রদান করা।

৩। সাধারণ সুবিধাদি :

একটি বিধিবদ্ধ সংস্থা হিসেবে বিমানবন্দরের চতুপার্শ্বে নির্দ্ধারিত দূরত্ব পর্যন্ত প্রতিবন্ধকতার উচ্চতা বিধি অনুযায়ী অনুমোদন প্রদান, বাংলাদেশের আকাশ সীমায় নিরাপদ, নিয়মিত এবং দক্ষতার সাথে উড্ডয়ন ও অবতরণের সকল প্রকার এয়ার নেভিগেশন সুবিধা প্রদান করে থাকে। বেবিচক বাংলাদেশের সকল বিমানবন্দরে যাত্রী সেবা নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে থাকে। যাত্রী সেবা প্রদানে বেবিচক বিমান উড্ডয়ন ও অবতরণ সংক্রান্ত তথ্য প্রদর্শন ও ঘোষণা, বিশ্রাম কক্ষ, লাগেজ ট্রলি, কার পার্কিং ইত্যাদি ব্যবস্থা করে থাকে।

৪। এরোনটিক্যাল সুবিধা :

৪.১ এয়ার নেভিগেশন ও ল্যান্ডিং এইড সুবিধা।
৪.২ এয়ার ট্রাফিক সার্ভিসেস।
৪.৩ এরোনটিক্যাল ইনফরমেশন সার্ভিস।
৪.৪ রেজিষ্ট্রেশন অব এয়ারক্রাফট ও সার্টিফিকেট অব এয়ার ওয়ার্দিনেস।
৪.৫ পার্সোনাল লাইসেন্সিং।
৪.৬ বিভিন্ন দেশের সহিত দ্বিপাক্ষিক চুক্তি সম্পাদন ও উড়োজাহাজ পরিচালনার অনুমতি প্রদান।
৪.৭ ছিনতাই ও বিষ্ফোরক প্রতিরোধ ব্যবস্থা।
৪.৮ নিখোজ উড়োজাহাজের অনুসন্ধান ও উদ্ধারকার্যক্রম এবং দূর্ঘটনার কারণ অনুসন্ধান।

৫। যাত্রী/কার্গো বিমানের লাইসেন্স প্রদান :

FSR (Flight Safety & Regulation) বিভাগ যাত্রী/ কার্গো বিমান পরিচালনার লাইসেন্স প্রদান করে থাকে।

৬। পাইলট লাইসেন্স প্রদান :

৬.১ PPL (Private Pilot Licence)/CPL (Commercial Pilot Licence)/ATPL (Airlines Transport Pilot Licence) :

লাইসেন্স প্রাপ্তির জন্য যে কোন Flying Training প্রতিষ্ঠান হতে নির্ধারিত Ground Course J Flying Course সম্পন্ন করার পর বেবিচক এর নিকট নিম্নবর্ণিত তথ্যাদিসহ আবেদন করতে হবে।

(ক) পিপিএল প্রাপ্তির জন্য প্রয়োজনীয় তথ্যাদি (PPL Issue requirements)

১) গ্রাউন্ড কোর্সসহ ৫০ অথবা ৪০ ঘন্টা উড্ডয়নের সনদপত্র;
২) ডাক্তারী সনদপত্র;
৩) এসএসসি অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;
৪) ক্রস-কান্ট্রি সনদপত্র;
৫) ফ্লাইট টেষ্টে (চেক পাইলট দ্বারা অনুমোদিত) প্রত্যয়নপত্র;
৬) ইস্যু ফি ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা;
৭) নূন্যতম বয়স ১৭ বৎসর;
৮) ২ কপি ছবি (ষ্ট্যাম্প আকারের);
৯) Type Technical Result.

(খ) সিপিএল প্রাপ্তির জন্য প্রয়োজনীয় তথ্যাদি (CPL Issue requirements)

১) মোট ২০০ ঘন্টা কোর্স ব্যতিত বা ১৫০ ঘন্টা অনুমোদিত কোর্সসহ উড্ডয়নের সনদপত্র;
২) মেডিকেল বোর্ড কর্তৃক প্রদত্ত সনদপত্র;
৩) পদার্থ ও অংকসহ ২য় বিভাগে এইচএসসি (বিজ্ঞান) পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;
৪) ক্রস-কান্ট্রি সনদপত্র;
৫) ফ্লাইট টেষ্টে (চেক পাইলট দ্বারা অনুমোদিত) উত্তীর্ণের প্রত্যয়নপত্র;
৬) ইস্যু ফি ৭,৫০০.০০ (সাত হাজার পাঁচশত) টাকা;
৭) নূন্যতম বয়স ১৮ বৎসর;
৮) ২ কপি ছবি (ষ্ট্যাম্প আকারের);
৯) রিফ্রেসার সনদপত্র;
১০) Type Technical Result.

(গ) এটিপিএল প্রাপ্তির জন্য প্রয়োজনীয় তথ্যাদি (ATPL Issue requirements)

১) সর্বমোট ১৫০০ ঘন্টা (সিপিএল প্রাপ্তদের) উড্ডয়নের সনদপত্র;
২) মেডিকেল বোর্ড কর্তৃক প্রদত্ত সনদপত্র;
৩) ২য় বিভাগে এইচএসসি (বিজ্ঞান) পাসের সনদপত্র;
৪) সিমুলেশন প্রশিক্ষণের ফলাফল;
৫) Type Technical Result.
৬) ইস্যু ফি ১৫,০০০.০০ (পনের হাজার) টাকা;
৭) নূন্যতম বয়স ১৮ বৎসর;
৮) ২ কপি ছবি (ষ্ট্যাম্প আকারের);
৯) বেস ট্রেনিং/বেস চেক রিপোর্ট;
১০) রুট ট্রেনিং/রুট চেক রিপোর্ট;
১১) রিফ্রেসার সনদপত্র;
১২) Crew Resource Management (CRM) এবং Safety Emergency Equipment Procedure (SEEP) সনদ;
১৩) ইনিশিয়াল রুট চেক রিপোর্ট।

৬.২ উল্লেখিত তথ্যাদিসহ আবেদন করার পরে বেবিচক কর্তৃক নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে লাইসেন্স প্রদান করা হয়ে থাকে।

৭। উচ্চতার ছাড়পত্র প্রাপ্তির আবেদনের নিয়মাবলী নিম্নবর্ণিত তথ্যাদিসহ রাজউক এর মাধ্যমে চেয়ারম্যান বেবিচক বরাবরে আবেদন করতে হবে :

(ক) নির্মিতব্য ভবনের স্থানের অবস্থান চিহ্নিতকরণের জন্য লোকেশন ম্যাপ (মৌজা/সিটি গাইড ম্যাপ)
(খ) প্রস্তাবিত স্থানের জিপিএস (Geographical Positioning System) কো-অর্ডিনেট;
(গ) প্রস্তাবিত স্থানের দাগ নং সহ হোল্ডিং নং (যদি থাকে);

(ঘ) প্রস্তাবিত স্থানের উপর কত তলা/কত ফুট উচ্চতা সম্পন্ন ভবন নির্মাণ করা হবে তার সুস্পষ্ট উল্লেখ; এবং

(ঙ) প্রস্তাবিত স্থানের উপর অত্র দপ্তর হইতে পূর্বে ছাড়পত্র প্রদান করা হয়ে থাকলে তার উল্লেখ (সূত্রসহ)।

৮। **আন্তর্জাতিক বিমানবন্দর :**

(ক) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।

(খ) শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম।

(গ) ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট।

৯। **অভ্যন্তরীণ বিমানবন্দর :**

(ক) কক্সবাজার বিমানবন্দর, কক্সবাজার।

(খ) যশোহর বিমানবন্দর, যশোহর।

(গ) শাহ মখদুম বিমানবন্দর, রাজশাহী।

(ঘ) সৈয়দপুর বিমানবন্দর, সৈয়দপুর।

(ঙ) বরিশাল বিমানবন্দর, বরিশাল।

১০। **হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা :**

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর- ঢাকা জিরো পয়েন্ট থেকে ১৮ কিলোমিটার উত্তরে অবস্থিত। ফোনঃ (০২)৮৯১৪৮১০-১৯, (০২)৮৯১৪৮৭০-৭৪/বর্ধিত-৩২৫৮, ৩৩৪৩, (০২)৮৯৬০০০৪

(ক) কার পার্কিং- বিমানবন্দরে বহুতল কার পার্কিং এর ব্যবস্থা আছে। নিম্নবর্ণিত ফি এর বিনিময়ে সম্মানিত যাত্রীগণ নিজ নিজ গাড়ী নিরাপদে পার্কিং করতে পারেনঃ

বহুতল কার পার্ক- কার, জীপ ও মাইক্রোবাস-

(১) প্রথম ৩ ঘন্টার জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা।

(২) ৩ ঘন্টার উর্দ্ধে এবং ৭২ ঘন্টা পর্যন্ত প্রতি ঘন্টা ৩০ (ত্রিশ) টাকা।

(৩) ৭২ ঘন্টার বেশী পার্কিং গ্রহনযোগ্য নয়।

কারপার্ক- কার্গো কারপার্ক, অভ্যন্তরীণ কারপার্ক (বাস, ট্রাক ও মিনিবাস)-

(১) প্রথম ৫ ঘন্টার জন্য ৩০/- (ত্রিশ) টাকা।

(২) ৫ ঘন্টার উর্দ্ধে এবং ১২ ঘন্টা পর্যন্ত প্রতি ঘন্টা ৩০ (ত্রিশ) টাকা।

(৩) ১২ ঘন্টার উর্দ্ধে ২৪ ঘন্টার জন্য ৩০০/- (তিনশত) টাকা।

কার, জীপ ও মাইক্রোবাস-

(১) প্রথম ৫ ঘন্টার জন্য ১৫/- (পনের) টাকা।

(২) ৫ ঘন্টার উর্দ্ধে এবং ১২ঘন্টা পর্যন্ত প্রতিঘন্টা ১৫/-(পনের) টাকা।

(৩) ১২ ঘন্টার উর্দ্ধে ২৪ ঘন্টার জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা।

(খ) স্ক্যানিং মেশিন-

যাত্রীদের লাগেজ স্ক্যান করার জন্য আন্তর্জাতিক প্রান্তিক ভবনে স্ক্যানিং মেশিনের সুবিধা রয়েছে। প্রতিটি হোল্ডিং লাউঞ্জে এন্টি হাইজ্যাক চেক পয়েন্টে কেবিন ব্যাগেজ স্ক্যানিং মেশিন ও আর্চওয়ে রয়েছে। এ ছাড়াও প্রতিটি প্রবেশ পথে হ্যান্ড হেল্ড মেটাল ডিটেকটর দ্বারা চেকিং এর ব্যবস্থা রয়েছে। সিএএবির কর্মচারীগণ সার্বক্ষণিক এখানে সেবা প্রদানে নিয়োজিত রয়েছে।

(গ) এফআইডিএস (Flight Information Display System)-

আধুনিক ফ্লাইট ইনফরমেশন ডিসপ্লে সিষ্টেম এর মাধ্যমে আগমনী ও বর্হিগমন ফ্লাইটের সময় সংক্রান্ত এবং বোর্ডিং ব্রীজ, কনভেয়ার বেল্ট ও চেক-ইন রো সংক্রান্ত যাবতীয় তথ্য সার্বক্ষণিকভাবে ডিসপ্লে বোর্ডের মাধ্যমে প্রদর্শণের ব্যবস্থা রয়েছে।

(ঘ) পাবলিক এড্রেস (পি,এ) সিষ্টেম-

যাত্রীবৃন্দের জরুরী জ্ঞাতার্থে চেক্-ইন ও বোর্ডিং এবং প্রাপ্তি ও হারানো বিজ্ঞপ্তিসহ সেবা সংশ্লিষ্ট সকল প্রকার ঘোষণার জন্য পাবলিক অ্যাড্রেস সিষ্টেম সার্বক্ষণিক চালু রয়েছে।

(ঙ) টেলিফোন সুবিধা-

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে আগমনী ও বর্হিগমন যাত্রীবৃন্দের সুবিধার্থে নিম্নলিখিত স্থানে টেলিফোন সুবিধা রয়েছে-

(১) প্রতিটি হোল্ডিং লাউঞ্জে বিনামূল্যে স্থানীয় কল করার জন্য টেলিফোন বুথ রয়েছে।

(২) আগমনী ও বর্হিগমন এলাকার বিভিন্ন স্থানে সার্বক্ষণিক পেমেন্ট এর বিনিময়ে টেলিফোন সুবিধা আছে।

(চ) ডাকঘর ও টেলিগ্রাম অফিস-

যাত্রীবৃন্দের প্রয়োজনে যে কোন তথ্য বা সংবাদ প্রেরণের জন্য ডাকঘর ও টেলিগ্রাম সুবিধা রয়েছে।

(ছ) লাগেজ ট্রলি-

প্রান্তিক ভবনের উভয় তলায় সম্মানিত যাত্রীদের মালামাল বহনের সুবিধার্থে পর্যাপ্ত পরিমানে উন্নতমানের বিনামূল্যে লাগেজ ট্রলির ব্যবস্থা রয়েছে।

(জ) যাত্রীসেবা কাউন্টার-

যাত্রীবৃন্দের সেবা প্রদানের জন্য বেবিচক কর্তৃক যাত্রীসেবা কাউন্টার চালু আছে। উক্ত কাউন্টারে বেবিচক এর কর্মচারীগণ সার্বক্ষণিকভাবে কর্মরত আছে।

(১) কনকোর্স হল (২য় তলায়) টেলিফোন নং-৮৯১৪৮১০-১৬ এক্স-৩৬০৪

(২) আগমনী হল (নীচ তলায়) টেলিফোন নং-৮৯১৪৮১০-১৬ এক্স-৩৬১৯

(ঝ) সহায়তা কার্যক্রম-

অসমর্থ যাত্রীদের জন্য পর্যাপ্ত হুইল চেয়ারের সুবিধা রয়েছে।

(ঞ) দর্শনার্থীদের সুবিধা-

সম্মানিত আগমনী যাত্রীবৃন্দের অভ্যর্থনা জানাতে আগত দর্শনার্থীগণ জনপ্রতি ২০০/- টাকার বিনিময়ে কনকোর্স হলে প্রবেশ করতে পারেন।

(ট) অগ্নি নির্বাপণ ব্যবস্থা-

সকল স্থাপনার অগ্নি দুর্ঘটনা ও এয়ারক্রাফটের দুর্ঘটনা মোকাবেলার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ পর্যাপ্ত সংখ্যক অগ্নি নির্বাপক কর্মী সার্বক্ষণিক নিয়োজিত আছেন।

(ঠ) প্রাথমিক চিকিৎসা-

যাত্রীবৃন্দের অসুস্থ্যতা অথবা দুর্ঘটনার কারণে আহত যাত্রীবৃন্দের বিনামূল্যে জরুরী প্রাথমিক চিকিৎসা প্রদানের জন্য বেবিচকেঞ্চর প্রাথমিক চিকিৎস্যক দল (ফাষ্ট-এইড-ক্রু) ২৪ ঘন্টা কর্মরত আছেন। তাছাড়া স্বাস্থ্য বিভাগের একজন ডাক্তার পালাক্রমে কর্মরত থাকেন।

(ড) হেল্প লাইন-

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ২নং টার্মিনাল ভবনের ২য় তলায় হেল্প লাইন নামে একটি সেবা প্রদানকারী প্রতিষ্ঠান রয়েছে। সেখান থেকে যাত্রীগণ অর্থের বিনিময়ে প্রয়োজনীয় সহায়তা নিতে পারেন। ফোন নং-৮৯৫৫৭২৫, ৮৯৩১১৮৫, ৮৯১৪৮১০ এক্স-৩৩৪৯।

(ঢ) ব্যাংকিং ব্যবস্থা-

আন্তর্জাতিক টার্মিনাল ভবনের আগমনী হলে মুদ্রা বিনিময়ের ব্যাংকিং সুবিধা রয়েছে।

(ণ) হোটেল বুকিং-

টার্মিনাল ভবনে ঢাকার বিভিন্ন তারকা মানের হোটেল বুথ রয়েছে। যাত্রীবৃন্দ সেখান থেকে রিজারভেশন সুবিধা গ্রহণ করতে পারেন।

(ত) আপ্যায়ন সুবিধা-

টার্মিনাল ভবনের উভয় তলায় খাবার/স্ন্যাক্স গ্রহণের ব্যবস্থা রয়েছে।

(থ) লষ্ট এন্ড ফাউন্ড-

যাত্রীবৃন্দের হারানো মালামালের সন্ধান প্রাপ্তির জন্য লষ্ট এন্ড ফাউন্ড ডেক্স রয়েছে।টেলিফোন নং-৮৯১৪৭৭১ এক্স-২৩৫১।

(দ) টিকেট সেলস কাউন্টার-

যাত্রীদের সুবিধার্থে আন্তর্জাতিক প্রান্তিক ভবণের ২য় তলায় কনকোর্স হলে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ এর আন্তর্জাতিক টিকেট সেলস কাউন্টার (ফোনঃ ৮৯১৪৭৭১ এক্স-২৯১১) এবং অভ্যন্তরীন টার্মিনাল ভবনে বিমানসহ (ফোন-৮৯১৪৭৭১, এক্স-২৮৮৫) বিভিন্ন এয়ারলাইন্স এর টিকেট সেলস কাউন্টার রয়েছে।

(ধ) কার্গো সার্ভিস-

পন্য আমদানি ও রপ্তানীর সুবিধার জন্য হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ২টি কার্গো টার্মিনাল ভবন রয়েছে, যা যথাক্রমে আমদানি টার্মিনাল এবং কার্গো ভিলেজ (রপ্তানী) নামে পরিচিত। বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের মালিকানায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্স কর্তৃক কার্গো টার্মিনাল ২টি পরিচালনা করা হয়। ফোনঃ ৮৯১৪৭৭১ (রপ্তানী) এক্স-২৫০৭ এবং ৮৯১৪২৬৯ (আমদানী) এক্স-২৫৩০

(ন) লাগেজ রেপিং-

আন্তর্জাতিক প্রান্তিক ভবনের বর্হিগমন লাউঞ্জে নির্ধারিত অর্থের বিনিময়ে যাত্রীগণের লাগেজ রেপিং সুবিধা আছে।

১১। শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রামঃ

শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম।

শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর চট্টগ্রাম শহর থেকে ১৮.৫ কিলোমিটার দক্ষিণে অবস্থিত। ফোন নম্বর-+৮৮০ ৩১ ৭৪১৫৩২-৪০।

(ক) কার পার্কিং-

বিমানবন্দরে বহুতল কার পার্কিং এর ব্যবস্থা আছে। নিম্নবর্ণিত ফি এর বিনিময়ে সম্মানিত যাত্রীগণ নিজ নিজ গাড়ী নিরাপদে পার্কিং করতে পারেন-

বাস, ট্রাক ও মিনিবাস- প্রথম ৫ ঘন্টার জন্য ৩০/- (ত্রিশ) টাকা।
৫ ঘন্টার উর্দ্ধে এবং ১২ ঘন্টা পর্যন্ত প্রতি ঘন্টা ৩০ (ত্রিশ) টাকা।
১২ ঘন্টার উর্দ্ধে ২৪ ঘন্টার জন্য ৩০০/- (তিনশত) টাকা।
কার, জীপ ও মাইক্রোবাস- প্রথম ৫ঘন্টার জন্য ১৫/- (পনের) টাকা।
৫ ঘন্টার উর্দ্ধে এবং ১২ ঘন্টা পর্যন্ত প্রতি ঘন্টা ১৫ (পনের) টাকা।
১২ ঘন্টার উর্দ্ধে ২৪ ঘন্টার জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা।

(খ) স্ক্যানিং মেশিন-

যাত্রীদের লাগেজ স্ক্যান করার জন্য আন্তর্জাতিক প্রান্তিক ভবনে স্ক্যানিং মেশিনের সুযোগ সুবিধা রয়েছে। প্রতিটি হোল্ডিং লাউঞ্জে এন্টি হাইজ্যাক চেক পয়েন্ট কেবিন ব্যাগেজ স্ক্যানিং মেশিন ও আর্চওয়ে রয়েছে। এ ছাড়াও প্রতিটি প্রবেশ পথে হ্যান্ড হেল্ড মেটাল ডিটেকটর দ্বারা চেকিং এর ব্যবস্থা রয়েছে। সিএএবির কর্মচারীগণ সার্বক্ষণিক এখানে সেবা প্রদানে নিয়োজিত রয়েছেন।

(গ) পাবলিক এড্রেস (পি,এ) সিষ্টেম-

যাত্রীবৃন্দের জরুরী জ্ঞাতার্থে চেক-ইন ও বোর্ডিং এবং প্রাপ্তি ও হারানো বিজ্ঞপ্তিসহ সেবা সংশ্লিষ্ট সকল প্রকার ঘোষণার জন্য পাবলিক অ্যাড্রেস সিষ্টেম কার্যকালীন সময় পর্যন্ত চালু রয়েছে।

(ঘ) লাগেজ ট্রলি-

প্রান্তিক ভবনের উভয় তলায় সম্মানিত যাত্রীদের মালামাল বহনের সুবিধার্থে পর্যাপ্ত পরিমানে উন্নতমানের বিনামূল্যে লাগেজ ট্রলির ব্যবস্থা রয়েছে।

(ঙ) সহায়তা কার্যক্রম-

অসমর্থ যাত্রীদের পর্যাপ্ত হুইল চেয়ারের সুবিধা রয়েছে।

(চ) দর্শনার্থীদের সুবিধা-

সম্মানিত আগমনী যাত্রীবৃন্দের অভ্যর্থনা জানাতে আগত দর্শনার্থীগণ আন্তর্জাতিক কনকোর্স হলে জনপ্রতি ১০০/-টাকা ও অভ্যন্তরীণ কনকোর্সহলে ৫০/- টাকার বিনিময়ে প্রবেশ করতে পারেন।

(ছ) অগ্নি নির্বাপণ ব্যবস্থা-

সকল স্থাপনার অগ্নি দুর্ঘটনা ও এয়ারক্রাফটের দূর্ঘটনা মোকাবেলার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ পর্যাপ্ত সংখ্যক অগ্নি নির্বাপক কর্মী কার্যকালীন সময় পর্যন্ত নিয়োজিত আছেন।

(জ) প্রাথমিক চিকিৎসা-

যাত্রীবৃন্দের অসুস্থতা অথবা দুর্ঘটনার কারণে আহত যাত্রীবৃন্দের বিনামূল্যে জরুরী প্রাথমিক চিকিৎসা প্রদানের জন্য প্রাথমিক চিকিৎস্যক দল (ফাষ্ট-এইড-ক্রু) কার্যকালীন সময় পর্যন্ত কর্মরত আছেন।

(ঝ) ব্যাংকিং ব্যবস্থা-

আন্তর্জাতিক টার্মিনাল ভবনে বৈদেশিক মুদ্রা বিনিময়ের ব্যাংকিং ব্যবস্থা রহিয়াছে।

(ঞ) কার্গো সার্ভিস-

পন্য আমদানি ও রপতানির সুবিধার জন্য ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরে কার্গো টার্মিনাল ভবন রয়েছে। বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের তত্বাবধানে উক্ত কার্গো ভবনের যাবতীয় কার্যাদি পরিচালনা করা হয়। ফোনঃ +৮৮০ ৩১ ৭৪২১১১, ৭৪১৫৩২-৪২ এক্স- ৩১০৮, ৩০০৭।

১২। ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট :

ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট।

ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট শহর থেকে ১০ কিলোমিটার উত্তর-পূর্বে অবস্থিত। ফোন নম্বর- +৮৮০ ৮২১ ৭২৫৩৯১-৯৪।

(ক) কার পার্কিং-

বিমানবন্দরে বহুতল কার পার্কিং এর ব্যবস্থা আছে। নিম্নবর্ণিত ফি এর বিনিময়ে সম্মানিত যাত্রীগণ নিজ নিজ গাড়ী নিরাপদে পার্কিং করতে পারেন-

বাস, ট্রাক ও মিনিবাস- প্রথম ৫ ঘন্টার জন্য ৩০/- (ত্রিশ) টাকা।
৫ ঘন্টার উর্দ্ধে এবং ১২ ঘন্টা পর্যন্ত প্রতি ঘন্টা ৩০ (ত্রিশ) টাকা।
১২ ঘন্টার উর্দ্ধে ২৪ ঘন্টার জন্য ৩০০/- (তিনশত) টাকা।
কার, জীপ ও মাইক্রোবাস- প্রথম ৫ঘন্টার জন্য ১৫/- (পনের) টাকা।
৫ ঘন্টার উর্দ্ধে এবং ১২ ঘন্টা পর্যন্ত প্রতি ঘন্টা ১৫ (পনের) টাকা।
১২ ঘন্টার উর্দ্ধে ২৪ ঘন্টার জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা।

(খ) স্ক্যানিং মেশিন-

যাত্রীদের লাগেজ স্ক্যান করার জন্য আন্তর্জাতিক প্রান্তিক ভবনে স্ক্যানিং মেশিনের সুযোগ সুবিধা রয়েছে। প্রতিটি হোল্ডিং লাউঞ্জে এন্টি হাইজ্যাক চেক পয়েন্ট কেবিন ব্যাগেজ স্ক্যানিং মেশিন ও আর্চওয়ে রয়েছে। এ ছাড়াও প্রতিটি প্রবেশ পথে হ্যান্ড হেল্ড মেটাল ডিটেকটর দ্বারা চেকিং এর ব্যবস্থা রয়েছে। সিএএবির কর্মচারীগণ সার্বক্ষণিক এখানে সেবা প্রদানে নিয়োজিত রয়েছেন।

(গ) পাবলিক এড্রেস (পি,এ) সিষ্টেম-

যাত্রীবৃন্দের জরুরী জ্ঞাতার্থে চেক্-ইন ও বোর্ডিং এবং প্রাপ্তি ও হারানো বিজ্ঞপ্তিসহ সেবা সংশ্লিষ্ট সকল প্রকার ঘোষণার জন্য পাবলিক এড্রেস সিষ্টেম কার্যকালীন সময় পর্যন্ত চালু রয়েছে।

(ঘ) ডাকঘর ও টেলিগ্রাম অফিস-

সম্মানিত যাত্রীবৃন্দের প্রয়োজনে যে কোন তথ্য বা সংবাদ প্রেরণের জন্য ডাকঘর ও টেলিগ্রাম সুবিধা রয়েছে।

(ঙ) লাগেজ ট্রলি-

প্রান্তিক ভবনের উভয় তলায় সম্মানিত যাত্রীদের মালামাল বহনের সুবিধার্থে পর্যাপ্ত পরিমানে উন্নতমানের বিনামূল্যে লাগেজ ট্রলির ব্যবস্থা রয়েছে।

(চ) **সহায়তা কার্যক্রম-**

অসমর্থ যাত্রীদের পর্যাপ্ত হুইল চেয়ারের সুবিধা রয়েছে।

(ছ) **অগ্নি নির্বাপন ব্যবস্থা-**

সকল স্থাপনার অগ্নি দুর্ঘটনার ও এয়ারক্রাফটের দূর্ঘটনা মোতাবেলার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ পর্যাপ্তসংখ্যক অগ্নি নির্বাপক কর্মী সার্বক্ষণিক নিয়োজিত আছেন।

(জ) **প্রাথমিক চিকিৎসা-**

যাত্রীবৃন্দের অসুস্থতা অথবা দুর্ঘটনার কারণে আহত যাত্রীবৃন্দের বিনামূল্যে জরুরী প্রাথমিক চিকিৎসা প্রদানের জন্য প্রাথমিক চিকিৎস্যক দল (ফাষ্ট-এইড-ক্রু) কার্যকালীন সময় পর্যন্ত কর্মরত আছেন।

(ঝ) **ব্যাংকিং ব্যবস্থা-**

আন্তর্জাতিক টার্মিনাল ভবনে বৈদেশিক মুদ্রা বিনিময়ের ব্যাংকিং ব্যবস্থা রহিয়াছে।

(ঞ) **কার্গো সার্ভিস-**

পন্য আমদানি ও রপতানির সুবিধার জন্য ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরে কার্গো টার্মিনাল ভবন রয়েছে। বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের তত্বাবধানে উক্ত কার্গো ভবনের যাবতীয় কার্যাদি পরিচালনা করা হয়। ফোনঃ (০৮২১) ৭১৭০১৯।

১৩। অভিযোগ প্রতিকার প্রাপ্তির ঠিকানা :

(ক) **ভবন নির্মানের উচ্চতার ছাড়পত্র বিষয়ক-**

পরিচালক (এটিএস), সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা, টেলিফোন- ৯১১১১২৫, ৮৯১৪৮৭০/৩৩৬৯।

(খ) **পাইলট লাইসেন্স ও বিমানের অভ্যন্তরে যাত্রীসেবা সংক্রান্ত-**

পরিচালক (ফ্লাইট সেফটি) সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা, টেলিফোনঃ ৮৯১১১২৬, ৮৯১৪৮৭০/৩৩৭৫।

(গ) **হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা-**

সেবা সংক্রান্ত কোন অভিযোগ থাকলে তা নির্ধারিত অভিযোগ বাক্সে জমা প্রদানের ব্যবস্থা রয়েছে। তাৎক্ষণিক কোন সমস্যার সমাধানকল্পে নিম্নলিখিত ফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে-

(১) তথ্য কেন্দ্র- এক্সচেঞ্জ-৮৯১৪৮১০-১৯ এক্স-৩২৫৮; সরাসরি-৮৯৬০০০৪

(২) লষ্ট এন্ড ফাউন্ড- এক্সচেঞ্জ-৮৯১৪৭৭১-১৯ এক্স-২৩৫১

(৩) ডিউটি এয়ারপোর্ট অফিসার- এক্সচেঞ্জ-৮৯১৪৮১০-১৬ এক্স-৩৪৬৬

(৪) প্রধান নিরাপত্তা কর্মকর্তা- টেলিফোন নং-৮৯৬০০০৩ এক্সচেঞ্জ-৮৯১৪৮১০-১৯ এক্স-৩৪৮৫; মোবাইল-০১৯১৩৫০৩৮১৩ ।

(ঘ) **শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম-**

যে কোন জরুরী প্রয়োজনে সম্মানিত যাত্রীবৃন্দ নিম্নবর্ণিত টেলিফোনে যোগাযোগ করতে পারেন। বিমানবন্দর ব্যবস্থাপক, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রামঃ ০৩১-৭৪০৯০০, ০৩১-৭৪১৫৩২-৪২ এক্সঃ ১০০৯।

(ঙ) **ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট-**

যে কোন জরুরী প্রয়োজনে সম্মানিত যাত্রীবৃন্দ নিম্নবর্ণিত টেলিফোনে যোগাযোগ করতে পারেন। বিমানবন্দর ব্যবস্থাপক, ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট : ০৮২১-৭১৪২৪৩, ০৮২১-৭২৫৩৯১-৯৪ এ ছাড়াও অভ্যন্তরীণ বিমানবন্দর সংক্রান্ত তথ্যাদি বা কোন অভিযোগ থাকলে তা নিম্নবর্ণিত সংশ্লিষ্ট বিমানবন্দর ব্যবস্থাপকের নিকট হতে জানা যেতে পারে।

(চ) **যশোহর বিমানবন্দর, যশোহর-**
যশোর শহর থেকে ৬ কিলোমিটার উত্তরে অবস্থিত। ফোনঃ ০৪২১-৬৪০৩৩।

(ছ) **কক্সবাজার বিমানবন্দর, কক্সবাজার-**
কক্সবাজার শহর থেকে ২ কিলোমিটার উত্তরে অবস্থিত। ফোনঃ ০৩৪১-৬৪৪৭৯।

(জ) **শাহ মখদুম বিমানবন্দর, রাজশাহী-**
রাজশাহী শহর থেকে ৭ কিলোমিটার উত্তরে অবস্থিত। ফোনঃ ০৭২১-৮০০১৫৩।

(জ) **সৈয়দপুর বিমানবন্দর, সৈয়দপুর-**
সৈয়দপুর শহর থেকে ৪ কিলোমিটার দক্ষিণে অবস্থিত। ফোনঃ ০৫৫২৬-৭২৩৮৪।

(ঞ) **বরিশাল বিমানবন্দর, বরিশাল-**
বরিশাল শহর থেকে ১২ কিলোমিটার উত্তরে অবস্থিত। ফোনঃ ০৪৩১-৬৪৬৮১।

১৪। **অভিযোগের প্রতিকার :**
নির্দিষ্ট সময়ের মধ্যে নিয়ন্ত্রক/কোন কর্মকর্তা সেবা প্রদানে ব্যর্থ হলে ভূক্তভোগী৩০ (ত্রিশ) দিনের মধ্যে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের নিকট আবেদন করতে পারবেন।

---(*)---